

স্নাতকোত্তর অন্ত্য সেমেষ্টার পরীক্ষা, ২০১৯

(প্রথম বর্ষ, প্রথম সেমেষ্টার)

বিভাগ বাংলা

মধ্যযুগের বাংলা সাহিত্য - ১

কোর্স পি.জি. - ১.৪

সময় ২ ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. মালাধর বসুর ‘শ্রীকৃষ্ণবিজয়’ কাব্যটি গোবিন্দমঙ্গল বা ‘শ্রীকৃষ্ণবিক্রিম’ নামেও অভিহিত হয় কেন? এই নামগুলির মধ্যে কি কোনও সম্পর্ক আছে? তোমার উত্তরের পক্ষে উপযুক্ত মতামত দাও। ১০

অথবা

২. ‘শ্রীকৃষ্ণবিজয়’ কাব্য পরিকল্পনায় মালাধর বসু কেন ঐশ্বর্যগুণাত্মিত কাহিনির উপর গুরুত্ব আরোপ করে শৃঙ্খারের বর্ণনা যথাসম্ভব সঙ্কুচিত করেছেন। যুক্তিসহ তোমার মতামত জানাও। ১০

৩. ভারতসংস্কৃতির সামাজিক-ঐতিহাসিক চর্চায় অনেক সময় ভক্তির সঙ্গে ‘আন্দোলন’ কথাটিকে জুড়ে দেওয়া হয়। ভক্তির সঙ্গে এই আন্দোলন কথাটির কী সম্পর্ক আছে সংক্ষেপে আলোচনা করো। ১০

(Turn over)

(2)

অথবা

৪. ভক্তিকে অনেক তাত্ত্বিক ও পণ্ডিতই রস হিসেবে মেনে নিতে চাননি।
কী ছিল তাঁদের আপত্তির কারণ? কীভাবে ভক্তির রসস্ত প্রতিষ্ঠিত
হল সংক্ষেপে লেখো।

১০

অথবা

৫. গৌড়ীয় বৈষ্ণবেরা ভক্তিরসের যে পরিকল্পনা করেছিলেন তার একটি
সংক্ষিপ্ত রূপরেখা হাজির করো।

১০

৬. চগ্নীদাস ও বিদ্যাপতির একটি করে পূর্বরাগের পদ আলোচনা করে
বুবিয়ে দাও কীভাবে একই পর্যায়ের দুই পদে দুটি পৃথক সুর ধ্বনিত
হয়েছে।

১০

অথবা

৭. ভবন ও ভাবী প্রবাসের একটি করে পদ আলোচনা করে এই দুই
অনুভূতির সম্যক ধারণা দাও।

১০

অথবা

৮. বৈষ্ণব দর্শন ও ধর্মাচরণে কৃষ্ণ নিঃসন্দেহে শ্রেষ্ঠ চরিত্র। কিন্তু
পদাবলীতে কৃষ্ণের মহিমার চেয়ে রাধার যাতনা এবং উল্লাস সাধারণ
পাঠকের কাছে বেশি আকর্ষক মনে হয়। এর ফলেই একটি সম্প্রদায়ের
সঙ্গীত কালে কালে সকলের গান হয়ে উঠেছে। এই মতের পক্ষে বা
বিপক্ষে তোমার অবস্থান স্পষ্ট করো।

১০

(3)

৯. শ্রীচৈতন্যচরিতামৃত বইতে কৃষ্ণদাস কবিরাজের বিবৃতি অবলম্বনে
রাধাকে কেন ‘দেবী’, ‘কৃষ্ণময়ী’, ‘রাধিকা’ ও ‘সর্বলক্ষ্মীময়ী’ বলা
হয়ে থাকে বুবিয়ে দাও।

১০

অথবা

১০. শ্রীচৈতন্যচরিতামৃত অবলম্বনে নবদ্বীপে শ্রীচৈতন্যের আবির্ভাবের
মূল তিন কারণের সংক্ষিপ্ত পরিচয় দাও।

১০

অথবা

১১. শ্রীচৈতন্যচরিতামৃত অনুযায়ী শ্রীকৃষ্ণের শক্তিতত্ত্ব সংক্ষেপে বিবৃত
করো।

১০

— X —